[redacted]

[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ খাতে শিশুশ্রম বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের পাশাপাশি সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।

সনাক সদস্য এম. সাইফুল মাবুদ বর্জ্য ব্যবস্থাপনা খাতে শিশুদের স্বাস্থ্যঝুঁকি, নীতিমালার সীমাবদ্ধতা এবং তদারকির ঘাটতি দূর করার আহ্বান জানান। ইয়েস সদস্য মেহেরব হাসান আকাশ বর্জ্য ব্যবস্থাপনা খাতে শিশুশ্রম সম্পূর্ণ নির্মূলের লক্ষ্যে টিআইবির সুনির্দিষ্ট সুপারিশসমূহ তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে এন. এম. শাহজালাল বলেন, দেশের আর্থ-সামাজিক বাস্তবতায় অনেক সুবিধাবঞ্চিত শিশু জীবিকার তাগিদে বর্জ্য সংগ্রহ ও মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার মতো ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে।

শিশুশ্রম নিষিদ্ধে আইন থাকলেও মাঠপর্যায়ে যথাযথ নজরদারি ও প্রয়োগের অভাবে তা কার্যকর হচ্ছে না। তিনি সিটি করপোরেশন ও পৌরসভাগুলোকে ওয়ার্ডভিত্তিক কঠোর তদারকি ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানান এবং আইন প্রয়োগের মাধ্যমে দ্রুত শিশুশ্রম নির্মূলের দাবি জানান।

আলোচনা সভা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মসূচির সমাপ্তি ঘোষণা করা হয়।